দৈনিক জনকণ্ঠ

তারিখ ...30 JUN. 1997...
পৃষ্ঠা ৪ কলাম ৮

03

# কৃষি বিশ্ববিদ্যালয়ের সাড়ে ৩১ কোটি টাকার বাজেট পাস

**কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** শনিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে ১৯৯৭-৯৮ অর্থবছরের বাজেট পাস হয়েছে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে ১৯৯৭-৯৮ অর্থবছরের জন্য প্রণীত ৩৯ কোটি ২৫ লাখ ৭৯ হাজার টাকার চাহিদার বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্থিরকৃত সিলিং অনুসরণে ৩১ কোটি ৫৯ লাখ ২৫ হাজার টাকার বাজেট অনুমোদিত হয়েছে। যার মধ্যে মূল বরাদ্দ ৩১ কোটি ৫৯ লাখ ২৫ হাজার টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে অনুদান ২৯ কোটি ৭৯ লাখ ২৫ হাজার টাকা। নিজস্ব সূত্র থেকে ১ কোটি ৮০ লাখ টাকা মূল বরাদ্দের মধ্যে বেতন ভাতাদি খাতে ২৪ কোটি ২৯ লাখ ২৫ হাজার টাকা। সাধারণ আনুষঙ্গিক খাতে ৪ কোটি ৫০ লাখ টাকা এবং শিক্ষা খাতে ২ কোটি টাকা ধার্য করা হয়েছে। কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মুহাম্মদ হোসেনের সভাপতিত্বে সিন্ডিকেটের ২৩২তম সভায় কোষাধ্যক্ষ মোঃ ইদ্রিস আলী ১৯৯৭-৯৮ অর্থবছরের মূল বাজেট এবং ১৯৯৬-৯৭ অর্থবছরের সংশোধিত বাজেট উত্থাপন করেন।